

ইসলামী বিশ্ববিদ্যালয়ের কোন ভিসিই মেয়াদ পূরণ করতে পারেননি

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের
বিগত ২২ বছরের ইতিহাসে দায়িত্ব
পালনকারী ৬ জন ভিসির কেউই
তাদের ৪ বছরের মেয়াদ পূরণে
সমর্থ হননি। উপরন্তু ৬ জনের মধ্যে
৩ জনই অনিয়ম-দুর্নীতির অভি-
যোগে লাক্ষিত হয়ে ক্যাম্পাস ত্যাগে
বাধ্য হন। বাকি তিনজনের মধ্যে
দু'জন দায়িত্ব পালনে শৈথিল্য এবং
প্রশাসনে বিশৃঙ্খল পরিবেশ তৈরীর
অভিযোগে মেয়াদ পূরণের আগেই
বিদায় নিতে বাধ্য হন। গর্বশেষ
ভিসি মাত্র এক বছর দায়িত্ব পাল-

নের পর দেশের রাজনৈতিক পট
পরিবর্তনের কারণে স্বচ্ছায় তবে
বিএনপি ও জামায়াত সমর্থক শিষ্-
কদের আন্দোলনের মুখে গত ৩
নভেম্বর পদত্যাগ করেছেন।

প্রথম ভিসি ড: মমতাজ উদ্দিন
চৌধুরীকে তার মেয়াদের ৩ বছরের
মাথায় সরিয়ে '৮৮ সালের ২৭
ডিসেম্বর ড: সিরাজুল ইসলামকে
ভিসি নিয়োগ করা হয়। মেয়া-
দের আড়াই বছরের মাথায় দ্বিতীয়
ভিসিকে অপসারণ করে '৯১
সনের ১৭ই জুন প্রফেসর এম
(১০ম পৃ: ড:)

ইসলামী বিশ্ববিদ্যালয়ের

(৮ম পৃ: পর)

এ হামিদকে তৃতীয় ভিসি নিয়োগ
করা হয়। মেয়াদের সাড়ে তিন
বছরের মাথায় ব্যাপক ছাত্র-বিক্ষে-
তের মুখে তৃতীয় ভিসি ক্যাম্পাস
ত্যাগে বাধ্য হলে। '৯৫ সনের
৯ মে ড: ইমাম-উল হককে
চতুর্থ ভিসি হিসাবে নিয়োগ দেয়া
হয়। কিন্তু মেয়াদের আড়াই বছ-
রের মাথায় দুর্নীতির অভিযোগে
তিনিও লাক্ষিত হয়ে ক্যাম্পাস
ছাড়তে বাধ্য হলে '৯৭ সনের ৩
সেপ্টেম্বর প্রফেসর জায়েদ উদ্দিনকে
প্রথমে ভিসি নিয়োগ করা হয়।
তবে মেয়াদের তিন বছরের মাথায়
গত বছরের ১৯ অক্টোবর পঞ্চম
ভিসিকে সরিয়ে প্রফেসর মুৎফর
রহমানকে ভিসি নিয়োগ করা হয়।
মাত্র এক বছরের মাথায় তিনিও
বিদায় নিতে বাধ্য হলেন।

এসকল কারণে বলা হয়ে
থাকে মেয়াদ পূরণের পূর্বে ভিসি
বিতাড়ন ইসলামী বিশ্ববিদ্যালয়ের
নোংরা কালচারে পরিণত হয়েছে।